



# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪১০৩১৪৩৫, ৪১০৩১৪৩১



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৩- ১৩৫৪

তারিখ : ১১/১০/২০২৩

## প্রেস রিলিজ

### ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল উদযাপন

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার এবং গ্রুপ-১ কর্মকর্তা, (পি. আর. এল) জনপ্রশাসন মন্ত্রণালয়, কাজী জেবুন্নেছা বেগম গাইডিং এর মূল মন্ত্রকে ধারণ করে পড়াশোনার পাশাপাশি সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের সাথে সম্পৃক্ত হয়ে গাইডিং ও দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের আহবান জানান।

১১ অক্টোবর, ২০২৩ এসোসিয়েশনের উদ্যোগে বেইলী রোড, গাইড হাউজে “ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল”- উদযাপন করা হয়। এবছরের থিম, “প্রিপার্ড টু চেঞ্জ দ্যা ওয়ার্ল্ড”। অনুষ্ঠানে দিনব্যাপী কার্যক্রম ছিলো, ওয়াগ্‌স প্রেরিত একটিভিটি প্যাকের উপর হলদে পাখি, গাইড, রেঞ্জারদের বিভিন্ন খেলা, ফান্ড রাইজিং, বিষয় ভিত্তিক বক্তব্য এবং বিশ্ব গাইড কেন্দ্রগুলোতে রেঞ্জারদের সার্ভিস প্রদানের অভিজ্ঞতা বর্ণনা ইত্যাদি।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), ও ধন্যবাদ দেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম)। হলদে পাখি, গাইড, রেঞ্জার, কমিশনার ও গাইড সদস্য সহ শতাধিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। কেক কেটে ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা



বেইলী রোড, গাইড অডিটোরিয়ামে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম হলে পাখি, গাইড, রেঞ্জার, কমিশনার ও গাইড সদস্যদের নিয়ে কেক কেটে ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল উদযাপন করেন